# পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ অষ্টম অধ্যায় - অযৌক্তিকতা ও অশালীনতা

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৮. ৩. ১১. চূড়ান্ত অশ্লীল বর্ণনা?

বাইবেলের মধ্যে নারী-পুরুষের অবৈধ সম্পর্কের বিষয়টা এমন খোলামেলা শব্দে আলোচনা করা হয়েছে যে, সাধারণভাবে কোনো বিশ্বাসী খ্রিষ্টানও এ সকল কথা তার সন্তানদের পড়তে দিতে চাইবেন না। একটা নমুনা দেখুন:

“তোমার মধ্যে এমন এমন লোক আছে যারা সৎমায়ের সংগে জেনা করে, স্ত্রীলোকদের মাসিকের সময়ে নাপাক থাকাকালে জোর করে তার সংগে সহবাস করে, প্রতিবেশীর স্ত্রীর সংগে, ছেলের বউয়ের সংগে আর নিজের সৎবোনের সংগে জেনা করে।” (ইহিস্কেল ২২/১০-১১)

বাইবেলের বিভিন্ন স্থানে এ জাতীয় অনেক কথা বলা হয়েছে, যা আরো শোভনীয় ভাষায় বলা যেত। এর পাশাপাশি বাইবেলের কিছু কিছু বর্ণনা পর্নোগ্রাফির সাথে তুলনীয়। যেমন:

“আর সদাপ্রভুর এই বাক্য আমার নিকটে উপস্থিত হইল, হে মনুষ্য-সন্তান, দুটা স্ত্রীলোক ছিল, তাহারা এক মাতার কন্যা। তাহারা মিসরে ব্যভিচার যৌবন-কালেই করিল; সেখানে তাদের স্তন মর্দিত হইত, সেখানে লোকেরা তাহাদের কৌমার্যকালীন চুচুক টিপিত। .... কেননা তাহার যৌবনকালে লোকে তাহার সহিত শয়ন করিত, তাহারাই তাহার কৌমার্যকালীন চুচুক টিপিত, ও তাহার সহিত রতিক্রিয়া করিত। ... তাহারা তাহার উলঙ্গতা অনাবৃত করিল... তাহাতে বাবিল সন্তানেরা তাহার কাছে আসিয়া প্রেম-শয্যায় শয়ন করিল, ও ব্যভিচার করিয়া তাহাকে ভ্রষ্ট করিল, সে তাহাদের দ্বারা অশুচি হইল...। সে আপন বেশ্যাক্রিয়া প্রকাশ করিল, আপন উলঙ্গতা অনাবৃত করিল... আর সে আপন বেশ্যাক্রিয়া সকল বাড়াইল, যে সময়ে মিসর দেশে বেশ্যাক্রিয়া করিত, আপনার সেই যৌবনকাল স্মরণ করিল। কেননা গর্দভের ন্যায় মাংসবিশিষ্ট (পুরুষাঙ্গবিশিষ্ট) ও অশ্বের ন্যায় রেতোবিশিষ্ট (বীর্যপাতবিশিষ্ট) তাহাদের শৃঙ্গারকারিগণে সে কামাসক্ত হইল। এইরূপে, মিস্রীয়েরা যে সময়ে কৌমার্যকালীন স্তন বলিয়া তোমার চুচুক টিপিত, তুমি পুনর্বার সেই যৌবনকালীয় কুকর্মের চেষ্টা করিয়াছ।” (যিহিষ্কেল ২৩/১-২১)

পাঠক, অশালীনতার প্রকটতা দেখতে পাচ্ছেন। উল্লেখ্য যে, কেরির অনুবাদেও অশ্লীলতা কিছুটা অস্পষ্ট করা হয়েছে। কমপিস্নট ইংলিশ বাইবেল (CEB), এক্সপান্ডেড বাইবেল (EXB), ইন্টারন্যাশনাল স্টান্ডার্ড ভার্শন (ISV) ও অন্যান্য ইংরেজি বাইবেলের পাঠ নিম্নরূপ:

“She lusted after their male consorts, whose sexual organs/ genitals/ flesh/ genitalia were like those of donkeys, and whose ejaculation/ emission was like that of/ was the seminal emission of horses.”

“সে তার পুরুষ সঙ্গীদের প্রতি কামনায় তাড়িত হল। যাদের যৌনাঙ্গ/ পুরুষাঙ্গ ছিল গর্দভদের যৌনাঙ্গের/পুরুষাঙ্গের ন্যায় এবং যাদের বীর্যপাত ছিল ঘোড়ার বীর্যপাতের ন্যায়।”

সুপ্রিয় পাঠক, এর চেয়ে নগ্ন কোনো ‘পর্নোগ্রাফি’র কথা কি চিন্তা করা যায়? এর চেয়ে উত্তম কোনো শব্দে ও বাক্যে পবিত্র পুস্তকের এ পবিত্র অর্থ কি প্রকাশ করা যেত না? বস্তুত, বাইবেলের বিধানগুলোর আলোচনা বাদ দিয়েও শুধুমাত্র ভাষাগত শালীনতা এবং যৌক্তিকতা বিশ্লেষন করলেও যেকোন সুস্থ মস্তিস্কের মানুষ এগুলোকে পবিত্র ধর্মগ্রন্থ হিসাবে গ্রহন করতে আপত্তি করবেন।

Source — https://www.hadithbd.com/books/link/?id=14517

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন